# AKASHVANI(AIR)
## RNU: KOLKATA
## Bengali Text Bulletin

**Date 24-07-2026** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবর –

১) কেন্দ্রীয় মন্ত্রিসভা, পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস ও দুর্নীতির রোধে কঠোরতম শাস্তির সংস্থান সুনিশ্চিত করা এবং ফাস্ট ট্র্যাক কোর্ট গঠনের জন্য খসড়া একটি বিল অনুমোদন করেছে।

এদিকে, নিট প্রশ্নপত্র ফাঁসকান্ডের প্রতিবাদে আজ কলকাতার ধর্মতলা চত্বর রণক্ষেত্র হয়ে ওঠে।

বিজেপি কলকাতায় বাম ছাত্র সংগঠনগুলির আন্দোলনের নিন্দা করে বলেছে এর সঙ্গে সাধারণ মানুষ ও নিট পরীক্ষার্থীদের কোনো সম্পর্ক নেই।

২) রাজ্যে পুর পরিষেবা আরও প্রযুক্তি নির্ভর ও সর্বজনীন করে তুলতে চলতি মাসের শেষেই সব পুর এলাকায় স্বচ্ছ মোবাইল অ্যাপ চালু করা হবে।

৩) অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত রাজ্যের অর্থনীতিকে শক্তিশালী করতে নাগরিকদের স্বেচ্ছায় কর দেওয়ার আবেদন জানিয়েছেন।

৪) সুন্দরবনে একটি ভারতীয় মাছ ধরার নৌকো থেকে ৫ টি অত্যাধুনিক দূরপাল্লার আগ্নেয়াস্ত্র এবং বিপুল পরিমাণ তাজা কার্তুজ উদ্ধার হয়েছে।

৫) রাজ্যে উত্তমকুমারের নামাঙ্কিত একটি চলচ্চিত্র কেন্দ্র গড়ে তোলা হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন।

৬) আজ উল্টোরথ। পুরীর পাশাপাশি এরাজ্যেও বিভিন্ন জেলায় ধর্মীয় উৎসাহ উদ্দীপনার সঙ্গে উৎসব পালিত হচ্ছে।

---

কেন্দ্রীয় মন্ত্রিসভা, পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস ও দুর্নীতি রোধে কঠোরতম শাস্তির সংস্থান সুনিশ্চিত করা এবং ফাস্ট ট্র্যাক কোর্ট গঠনের জন্য খসড়া একটি বিল অনুমোদন করেছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর পৌরোহিত্যে সংসদ ভবন প্রাঙ্গনে মন্ত্রিসভার বৈঠকে এই খসড়া বিলটি অনুমোদিত হয়। সূত্রের খবর, আগামী সপ্তাহে এই বিলটি সংসদে পেশ করা হবে।

উল্লেখ্য, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকালই এক ভিডিও বার্তায় জানান, প্রশ্নপত্র ফাঁসের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা গ্রহণের সংস্থান সম্বলিত একটি বিল খুব শীঘ্রই সংসদে আনা হবে।

প্রধানমন্ত্রী আরও বলেন, নিট পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের ঘটনার পর গত আড়াই মাসে বেশ কিছু পদক্ষেপ নেওয়া হয়েছে। দোষীদের গ্রেপ্তার করা হয়েছে, তারা এখন কারাবন্দী। পড়ুয়াদের শিক্ষাবর্ষ যাতে নষ্ট না হয় তা সুনিশ্চিত করাই ছিল সরকারের প্রধান দায়িত্ব এবং সে-জন্য অবিলম্বে পরীক্ষা নেওয়াও ছিল অত্যন্ত জরুরি।

------------------

নিট প্রশ্নপত্র ফাঁস কান্ডের প্রতিবাদে আজ কলকাতার ধর্মতলা রণক্ষেত্র হয়ে ওঠে। বেশ কিছু বাম ছাত্র সংগঠন শিয়ালদা থেকে ধর্মতলা পর্যন্ত আজ প্রতিবাদ মিছিলের

ডাক দেয়। আমরা এখন কথা বলবো ধর্মতলা থেকে আমাদের প্রতিনিধি কাশফিন নাহারের সঙ্গে।

ভয়েসকাস্ট

-------------------

নীট প্রশ্নপত্র ফাঁসের প্রতিবাদে কংগ্রেস এর ছাত্র সংগঠন ছাত্র পরিষদ আজ দুপুরে কলেজ স্কোয়ার থেকে প্রতিবাদ মিছিলের ডাক দেয়। প্রদেশ কংগ্রেস সভাপতি শুভঙ্কর সরকার, প্রদেশ কংগ্রেস নেতা অমিতাভ চক্রবর্তী, আশুতোষ চ্যাটার্জি সহ ছাত্র পরিষদের নেতা, কর্মী সমর্থকরা অংশ নেন।

-------------------

বিজেপি কলকাতায় বাম ছাত্র সংগঠনগুলির আন্দোলনের নিন্দা করেছে। দলের রাজ্য মুখপাত্র দেবজিৎ সরকার জানিয়েছেন,এই আন্দোলনের সঙ্গে সাধারণ মানুষের এবং যাদের জন্য তারা এই আন্দোলন করছে সেই নীট পরীক্ষার্থীদের কোন সম্পর্ক নেই। তিনি বলেন, একতরফাভাবে উৎপীড়ন করার জন্য কোন আন্দোলন হতে পারেনা।

বাইট

পশ্চিমবঙ্গের মানুষ এই আন্দোলন বরদাস্ত করবে না। শ্রী সরকার জানান,যারা এই ধরনের আন্দোলন করছে, তারা জানে না পশ্চিমবঙ্গ ৪৯বছর পর স্বাধীনতার আলো দেখেছে।

-------------------

রাজ্যে পুর পরিষেবা আরও প্রযুক্তিনির্ভর ও সর্বজনীন করে তুলতে সরকার, চলতি মাসের শেষেই সব পুর এলাকায় স্বচ্ছ মোবাইল অ্যাপ চালু করতে চলেছে। ৩১ জুলাইয়ের মধ্যে রাজ্যজুড়ে ওই অ্যাপ চালু হবে বলে পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল বিধানসভায় আজ পুর ও নগরোন্নয়ন দফতরের বাজেটের জবাবি ভাষণে জানান।

বাইট

মন্ত্রীর জবাবি ভাষণের পর ২০২৬-২৭ অর্থবর্ষের পুর ও নগরোন্নয়ন দফতরের বাজেট প্রস্তাব, ধ্বনিভোটে বিধানসভায় গৃহীত হয়।

-------------------

রাজ্য সরকার, জল জীবন মিশনের কাজের পূর্ণাঙ্গ সমীক্ষা করে দুর্নীতির সঙ্গে যুক্ত ঠিকাদার ও আধিকারিকদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেবে। জনস্বাস্থ্য কারিগরি দফতরের মন্ত্রী অজয় কুমার পোদ্দার জানিয়েছেন, আগামী পাঁচ দিনের মধ্যে প্রতিটি বিধায়কের হাতে তাঁদের এলাকার জল জীবন মিশনের কাজের পূর্ণাঙ্গ তথ্য তুলে দেওয়া হবে । বিধানসভায় আজ জনস্বাস্থ্য কারিগরি দফতরের বাজেটের জবাবি ভাষণে তিনি বলেন, কোথায় কতটা কাজ এবং কত টাকা খরচ হয়েছে এবং কতটা কাজই বা বাকি - সে সংক্রান্ত সমস্ত তথ্য বিধায়কদের দেওয়া হবে। সেই তথ্য যাচাই করে মতামত জানাতে পারবেন জনপ্রতিনিধিরা।

এ ছাড়াও আগামী ১৫ দিনের মধ্যে অনিয়মের অভিযোগে এফআইআর দায়ের, গ্রেফতার এবং বিল অনুমোদনকারী আধিকারিকদের সাময়িক বরখাস্ত করার প্রক্রিয়া শুরু হবে।

দেড় ঘণ্টার বাজেট আলোচনায় তৃণমূল কংগ্রেসের মহম্মদ নজরুল ইসলাম, তোরাফ হোসেন মণ্ডল, পান্নালাল হালদার, বর্ণালী ধাড়া, বিপ্লব মিত্র ও সমীর কুমার জানা এবং বিজেপির চিত্ত মুখার্জি, অমিত সামন্ত, ধ্রুব সাহা, সত্যেন্দ্রনাথ রায়, শুভাশিস ওম, সুখেন কুমার বাগদি, দিলীপ সাহা ও বঙ্কিমচন্দ্র ঘোষ অংশ নেন।

আলোচনা শেষে ২০২৬-২৭ অর্থবর্ষের জনস্বাস্থ্য কারিগরি দফতরের বাজেট প্রস্তাব ধ্বনিভোটে বিধানসভায় গৃহীত হয়।

-------------------

সাধারন মানুষের কাছে খুব কম দামে রান্না করা খাবার পৌঁছে দিতে রাজ্য সরকার, মা আহার প্রকল্পে ভর্তুকির পরিমাণ বৃদ্ধি করেছে। বিধানসভায় আজ পৌর ও নগর উন্নয়ন দপ্তরের বাজেটের ওপরে আলোচনার জবাবি ভাষণে, দপ্তরের মন্ত্রী অগ্নিমিত্রা পাল বলেন আগে প্লেট প্রতি গ্রাহককে পাঁচ টাকা এবং ভর্তুকি বাবদ রাজ্য সরকার পাঁচ টাকা দিত। বর্তমানে রাজ্য সরকারের ভর্তুকির হার বাড়িয়ে দশ টাকা করা হয়েছে।

এছাড়া যে সব ক্যান্টিনে এখনও বসে খাওয়ার জায়গা নেই সেখানে চেয়ার টেবিল এর ব্যবস্থা করা হবে বলেও তিনি জানান।

উল্লেখ্য রাজ্যে বর্তমানে স্বাস্থ্য প্রতিষ্ঠানের একশোটি সহ মোট ৩৯০টি ক্যান্টিন চালু রয়েছে। এর মাধ্যমে প্রতিদিন প্রায় ৮৫ হাজার ৮০০জন মানুষ উপকৃত হচ্ছেন।

চলতি অর্থবছরে এই প্রকল্পের জন্য ১৩০ কোটি ৫০ লক্ষ টাকা প্রয়োজন বলেও মন্ত্রী জানান।

-------------------

অধ্যক্ষকে অবমাননা এবং অধিবেশনের কাজে বাধা সৃষ্টির জন্য বিজেপি, বিধানসভায় তৃণমূল কংগ্রেস বিধায়ক কুনাল ঘোষের বিরুদ্ধে স্বাধিকার ভঙ্গের নোটিশ দিয়েছে। গত বুধবারে ঘটনার প্রেক্ষিতে পরিষদীয় মন্ত্রী শঙ্কর ঘোষ বলেন, ঐ বিধায়ক অসংসদীয় আচরণ করেছেন। তার বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার জন্য তিনি অধ্যক্ষ রথীন্দ্র বসুর কাছে আবেদন জানান। এর জবাবে কুনাল ঘোষ বলেন, অধ্যক্ষকে অসম্মান করা বা সভার কাজ ব্যাহত করার কোনো পরিকল্পনা তার ছিলনা। তৃণমূল কংগ্রেসের দুই শিবিরের মধ্যে সমন্বয়ের অভাবে তাকে বলতে না দেওয়ায় তিনি প্রতীকি প্রতিবাদ করেছিলেন বলে অভিযুক্ত বিধায়ক জানান। এরপরেই অধ্যক্ষ এই সমস্যা নিজেদের মধ্যে আলোচনার মাধ্যমে মিটিয়ে নেওয়ার কথা বলেন।

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২৬শে জুলাই, আকাশবাণীতে “মন কি বাত” অনুষ্ঠানে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা-ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩৬-তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সবকটি চ্যানেলে সকাল ১১-টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধানমন্ত্রীর দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে।

-------------------

রাজ্যের অর্থমন্ত্রী স্বপন দাশগুপ্ত রাজ্যের অর্থনীতিকে শক্তিশালী করতে নাগরিকদের স্বেচ্ছায় কর দেওয়ার আহ্বান জানিয়েছেন। কলকাতায় আজ ১৬৭ তম আয়কর দিবস উপলক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি বলেন, রাজ্যে এখনও বহু ক্ষেত্রে আয়কর ফাঁকি

দেওয়া হচ্ছে। এটা বন্ধ করা দরকার। তিনি কর প্রসাসন ব্যবস্থাকে নাগরিক বান্ধব করে তোলার কথা বলেন।

পশ্চিমবঙ্গ সিকিম সার্কেলের আয়কর দপ্তরের প্রিন্সিপাল চিফ কমিশনার সুরভী ভার্মা গর্গ বলেন, ২০২৫-এর আয়কর আইন দেশের কর প্রশাসনকে আরও বেশি নাগরিক বান্ধব করে তুলবে।

অনুষ্ঠানে বিশিষ্ট টেনিস খেলোয়াড় লিয়েন্ডার পেজ জাতিগত কর দাতাদের অবদানের কথা বলেন।

-------------------

পুর নিয়োগ দুর্নীতি মামলায় প্রাক্তন মন্ত্রী মদন মিত্রের স্ত্রী অর্চনা মিত্র আজ ইডির দপ্তরে হাজিরা দেন। ছোট ছেলে শুভরূপের সঙ্গে তিনি সিজিও কমপ্লেক্সে যান। ৯ ঘন্টা জেরার পর কিছুক্ষণ আগে তাকে ছেড়ে দেওয়া হয় বলে জানা গেছে। মামলা সংক্রান্ত যেসমস্ত নথি তাকে আনতে বলা হয়েছিল, সেগুলিও খতিয়ে দেখেন ইডির আধিকারিকরা।

-------------------

সুন্দরবনে একটি  ভারতীয় মাছ ধরার নৌকা থেকে ৫টি অত্যাধুনিক দূরপাল্লার আগ্নেয়াস্ত্র এবং বিপুল পরিমাণ তাজা কার্তুজ  উদ্ধার হয়েছে।

ভারতীয় উপকূলরক্ষী বাহিনী (কোস্ট গার্ড) ও বন দপ্তর,  সুন্দরবন উপকূলে যৌথ অভিযান চালিয়ে  সন্দেহভাজন  ওই  মাছ ধরার নৌকাটি  আটক করে । গত ২২ জুলাই মাঝসমুদ্রে ওই নৌকায় তল্লাশি চালিয়ে, নৌকার আরোহী  চার ভারতীয় অস্ত্র

পাচারকারীকেও গ্রেফতার করা হয়। ধৃতদের সুন্দরবন কোস্টাল থানার পুলিশের হাতে তুলে দেওয়া হয়েছে।

অস্ত্র পাচার চক্রের মূল পান্ডাদের চিহ্নিত করতে শুরু হয়েছে তদন্ত।

প্রাথমিক তদন্তে অনুমান, ধৃতরা আন্তঃসীমান্ত অস্ত্র পাচার চক্রের সঙ্গে যুক্ত। উপকূলরক্ষী বাহিনী জানিয়েছে, সমুদ্রপথে অবৈধ পাচার ও নাশকতামূলক কার্যকলাপ রুখতে নিয়মিত নজরদারির অংশ হিসেবেই এই অভিযান চালানো হয়।

-------------------

রাজ্যে উত্তমকুমারের নামাঙ্কিত একটি চলচ্চিত্র কেন্দ্র গড়ে তোলা হবে বলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী জানিয়েছেন। মহানায়কের ৪৭-তম প্রয়াণ বার্ষিকীতে কলকাতার কেওড়াতলা মহাশ্মশানে মুখ্যমন্ত্রী, আজ কিংবদন্তী এই চলচ্চিত্র তারকার আবক্ষ মূর্তির আবরণ উন্মোচন করেন। এই উপলক্ষ্যে আয়োজিত এক অনুষ্ঠানে শ্রী অধিকারী জানান, তেসরা থেকে ৬'ই সেপ্টেম্বর পর্যন্ত মহানায়কের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন করা হবে। এছাড়া, সংস্কার করা হবে উত্তম মঞ্চের'ও ।

(বাইট- শুভেন্দু/ উত্তমকুমার )

-------------------

আজ উল্টোরথ। পুরীর পাশাপাশি এরাজ্যেও পূর্ব মেদিনীপুরের দীঘা, মহিষাদল, হুগলীর মাহেশ, নদীয়ার মায়াপুর সহ বিভিন্ন স্থানে ধর্মীয় উৎসাহ উদ্দীপনায় জগন্নাথ দেব, বলভদ্র ও দেবী শুভদ্রা মাসির বাড়ি থেকে চলেছেন মূল মন্দিরে।

নদীয়ার মায়াপুরের ইস্কনের তিনটি সুসজ্জিত রথ পাঁচ কিলোমিটার পথ পরিক্রমা করে আজ সন্ধ্যায় রাজাপুর জগন্নাথ মন্দিরে পৌঁছয়।

হুগলীর চন্দননগরেও রথের রশিতে টান পড়েছে। জেলার গুপ্তিপাড়ায় গতকাল মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর উপস্থিতিতে ভান্ডার লুঠের আয়োজন করা হয়। দশগড়াতেও বেরিয়েছে উল্টোরথ।

অন্যান্য বছরের মত এবারও নাটোরের রানি ভবানীর স্মৃতি বিজড়িত মুর্শিদাবাদের জিয়াগঞ্জের সাধকবাগ আখড়ার প্রায় তিনশো বছরের প্রাচীন রথযাত্রার উল্টোরথ উৎসবের আয়োজন করা হয়েছে।

শিলিগুড়িতে ইস্কনের রথাযাত্রায় যোগ দেন আইজি সুকেশ জৈন।

পূর্ব মেদিনীপুরের নন্দীগ্রামের তেখালী বাজারেও আজ উল্টোরথ বের করা হয়। রথের দিন সেখানে হাইটেনশন লাইনে রথের চূড়া লেগে বিদ্যুতপৃষ্ঠ হয়েছিলেন বেশ কয়েকজন। তাদের মধ্যে ১২ জনকে ভর্তি করা হয় নন্দীগ্রাম সুপার স্পেশালিটি হাসপাতালে। ১১ জন সুস্থ হয়ে বাড়ি ফিরে গেলেও এক জন এখন তমলুকের একটি নার্সিংহোমে চিকিৎসাধীন।

------------------ ------------------